

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ৫. ৫. wine অনুবাদের হেরফের

ইংরেজি ওয়াইন (wine) শব্দটার অর্থ 'মদ' বা 'আঙ্গুর থেকে প্রস্তুত মদ', আরবি খামর (غص) এনকার্টা ডিকশনারি ওয়াইন শব্দের অর্থ লেখেছে: "an alcoholic drink made by fermenting the juice of grapes: আঙ্গুরের রস গাজিয়ে তুলে তৈরি করা মাদক পানীয়।" এনকার্টা বিশ্বকোষ লেখেছে: "Wine, alcoholic beverage made from the juice of grapes: ওয়াইন: আঙ্গুরের রস থেকে তৈরি মাদক পানীয়।" মাদকমুক্ত আঙ্গুররস, দ্রাক্ষারস বা গ্রেপ জুসকে কখনোই 'ওয়াইন' বলা হয় না।
মদ বা মাদক পানীয় বুঝাতে বাইবেলে wine অর্থাৎ মদ এবং strong drink অর্থাৎ মাদক পানীয় শব্দদ্বয় ব্যবহার করা হয়েছে। কিন্তু বাংলা বাইবেলগুলোতে অধিকাংশ স্থানে ওয়াইনের অনুবাদ করা হয়েছে দ্রাক্ষারস বা আঙ্গুর রস। এজন্য ইংরেজি ভাষায় বাইবেল পাঠ করলে মদের বিষয়ে বাইবেলের নির্দেশনা অনুধাবন করা যত সহজ হয় বাংলায় তা একেবারেই সম্ভব নয়। বাইবেলের বাংলা অনুবাদগুলোর মধ্যে বিদ্যমান 'আঙ্গুর-রস' বিষয়ে

অনেক কথা পাঠককে মাতাল না করলেও হতবাক করে। অনুবাদের হাতছাফাইয়ে ইংরেজি 'ওয়াইন' শব্দটা

কোথাও 'আঙ্গুর রস' বা 'দ্রাক্ষারস' এবং কোথাও মদে পরিণত হয়েছে এবং কোথাও শব্দটার অনুবাদ একেবারেই

Source — https://www.hadithbd.com/books/link/?id=13854

হারিয়ে গিয়েছে।

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন